# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৩৭]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর নামাযের আগে ও পরে নামায পড়া

باب الصَّلاَةِ بَعْدَ الْجُمُعَةِ وَقَبْلَهَا

---

আরবী

□□□ ـ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا: أَنَّ رَسُولَ اللَّهِ كَانَ يُصَلِّي قَبْلَ الظُّهْرِ رَكْعَتَيْنِ وَبَعْدَهَا رَكْعَتَيْنِ وَبَعْدَ الْمَغْرِبِ رَكْعَتَيْنِ فِي بَيْتِهِ، وَبَعْدَ الْعِشَاءِ رَكْعَتَيْنِ، وَكَانَ لا يُصَلِّي بَعْدَ الْجُمُعَةِ حَتَّى يَنْصَرِفَ، فَيُصَلِّي رَكْعَتَيْنِ

বাংলা

৫১৫) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের নামাযের পূর্বে দু'রাকআত (সুন্নাত) নামায পড়তেন এবং পরে দু'রাকআত নামায পড়তেন। মাগরিবের নামাযের পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম স্বীয় ঘরে দু'রাকআত নামায পড়তেন। তিনি জুমআর নামাযের পরে বাড়ীতে না ফিরে কোন নামায পড়তেন না। বাড়ীতে ফিরে তিনি দু'রাকআত নামায পড়তেন।

টিকাঃ কাবলাল জুমআ এবং বা'দাল জুমআ নামে নির্দিষ্ট সংখ্যার কোন নামাযের কথা সহীহ হাদীছ দ্বারা প্রমাণিত নয়। জুমআ শুরু হওয়ার পূর্বে যত ইচ্ছা নফল পড়তে পারবে। তবে জুমআর নামাযের পর ঘরে ফিরে দু'রাকআত নামায আদায়ের কথা অত্র হাদীছে বর্ণিত হয়েছে। মসজিদে পড়তে চাইলে চার রাকআত পড়বে, যা অন্য বর্ণনা দ্বারা প্রমাণিত।

## English

To offer Salat before and after the Jumu'ah prayer

Narrated `Abdullah bin `Umar:

Allah's Messenger (ﷺ) used to pray two rak`at before the Zuhr prayer and two rak`at after it. He also used to pray two rak`at after the Maghrib prayer in his house, and two rak`at after the `Isha' prayer. He never prayed after Jumua prayer till he departed (from the Mosque), and then he would pray

two rak`at at home.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89813

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন